



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১

Phone : 9553637
dgmpd1@krishibank.org.bd
www.krishibank.org.bd

নং-প্রকা/এইচআরএমডি-১/বিবিধ-৩১(৪)/২০১৯-২০২০/০০৫২

তারিখ : ০৪.১১.২০১৯ খ্রিঃ

সকল কর্মকর্তা/কর্মচারী
বাংলাদেশ কৃষি ব্যাংক

বিষয় : মানবিক সাহায্যের আবেদন ।

প্রিয় মহোদয়

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ কৃষি ব্যাংক, চাকশী বাজার শাখা, বাগেরহাট এর কর্মকর্তা (১০ম গ্রেড) জনাব তুষার কান্তি দেবনাথ (টি-৫৪৭) মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের বরাবরে তাঁর কিডনীর চিকিৎসার উদ্দেশ্যে মানবিক সাহায্যের আবেদন করেছেন, যা কর্তৃপক্ষ কর্তৃক সদয় অনুমোদিত হয়েছে।

০২। জনাব তুষার কান্তি দেবনাথ (টি-৫৪৭) দীর্ঘ ১৯ বৎসর যাবত কিডনী রোগে ভুগছেন। ২০০০ সালে সনাক্ত হয় যে তার দুইটি কিডনীই বিকল হয়ে গিয়েছে। তখন তার পিতার দান করা একটি কিডনী শরীরে প্রতিস্থাপন করে স্বাভাবিক জীবন যাপন করতে থাকেন। ২০১৩ সালে পরিদর্শক পদে কৃষি ব্যাংকের চাকুরীতে যোগদান করে বর্তমানে কর্মকর্তা পদে কর্মরত রয়েছেন। গত মে মাসে শরীরে Serum Creatinine এর মাত্রা অনেক বেড়ে যায়। চিকিৎসার ধারাবাহিকতায় ভারতের চেন্নাই এ সনাক্ত হয় যে পূর্বের প্রতিস্থাপিত কিডনীটি বিকল হয়ে গিয়েছে। জীবন রক্ষার্থে পুনরায় কিডনী প্রতিস্থাপনের জন্য চিকিৎসক পরামর্শ দিয়েছেন। আর এ জন্য প্রয়োজন ১৮-২০ লক্ষ টাকা।

০৩। ব্যয়বহুল কিডনীর চিকিৎসার প্রয়োজনীয় ব্যয় সংশ্লিষ্ট কর্মকর্তার পক্ষে নির্বাহ করা সম্ভব নয়। তাই জনাব তুষার কান্তি দেবনাথ তাঁর পরিবারের আর্থিক অস্বচ্ছলতার বিষয়টি উল্লেখ করে মানবিক কারণে আর্থিক সাহায্য কামনা করেছেন।

০৪। এমতাবস্থায়, জনাব তুষার কান্তি দেবনাথ (টি-৫৪৭)এর চিকিৎসা ব্যয় নির্বাহের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক, রামপাল শাখা, বাগেরহাটে পরিচালিত তাঁর সঞ্চয়ী হিসাব নং-৭৩৫৫ -এ যার যা সাধ্যমত আর্থিক সাহায্য প্রেরণের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীগণকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে

আপনার বিশ্বস্ত

(মোহাম্মদ সেলিম খান)

সহকারী মহাব্যবস্থাপক

(বিভাগীয় দায়িত্বে)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০২। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
মানবিক সাহায্য সংক্রান্ত পত্রখানা ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৩। সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৪। ব্যবস্থাপক, বিকেবি, চাকশী বাজার শাখা, বাগেরহাট।
- ০৫। ব্যবস্থাপক, বিকেবি, রামপাল শাখা, বাগেরহাট।
- ০৬। জনাব তুষার কান্তি দেবনাথ (টি-৫৪৭), কর্মকর্তা, বিকেবি, চাকশী বাজার শাখা, বাগেরহাট।
- ০৭। নথি/অফিস নথি।